**খসড়া সংশোধনী**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, পূর্ব প্রকাশের পর, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এ নিম্নোক্ত সংশোধন করিল, যথাঃ-

উপরিউক্ত বিধিমালায়,-

বিধি ৩৭ এর উপ-বিধি (২) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(২) ব্যবস্থাপনা পরিচালক/সিইও হিসাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি কোন স্টক এক্সচেঞ্জের বা, স্টক এক্সচেঞ্জের কোন সদস্যের বা, কোন সম্পদ ব্যবস্থাপক কোম্পানির সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষ কোনভাবেই জড়িত হইতে পারিবেন না। একই সঙ্গে তিনি কোন মার্চেন্ট ব্যাংকারের শেয়ারহোল্ডার বা, উদ্যোক্তা বা, পরিচালক হিসাবে থাকিতে পারিবেন না।"।